

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: এপ্রিল ২৭, ২০১৪।

বিষয়: শাখা ব্যবস্থাপকদের বিশেষ ভাতা প্রদানের নীতিমালা প্রসঙ্গে।

১. গত ২৪ এপ্রিল ২০১৪ তারিখে নির্বাহী পরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত এক বিশেষ সভায় সিদ্ধান্ত হয় যে শাখায় ঋণ স্থিতির উপর ভিত্তি করে শাখা ব্যবস্থাপকদের বিশেষ ভাতা প্রদান করা হবে।

২. ভাতা প্রদানের নিয়ম হক:

শাখার ঋণ স্থিতি	মাসিক ভাতার পরিমাণ (টাকা)	বর্তমানে যে কয়টি শাখা এর আওতায়	মোট টাকা
১.২৫ কোটি বা এর উপরে	১৫০০	১২ টি	১৮০০০
১.৫০ কোটি বা এর উপরে	২০০০	৯ টি	১৮০০০
২.০০ কোটি বা এর উপরে	২৫০০	৪ টি	১০০০০
২.৫০ কোটি বা এর উপরে	৩০০০	১ টি	৩০০০
মোট		২৬ টি	৩৯০০০

নোট: ক্রমান্বয়ে শাখার সংখ্যা বাড়তে পারে।

৩. ঋণ স্থিতি আসলের উপর হিসাব করা হবে।

৪. নিম্নলিখিত বিষয়গুলোর ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে না।

- যে শাখা ব্যবস্থাপক গত ছয় মাসে সংস্থার অর্থ আত্মসাতের সাথে জড়িত ছিলেন,
- যে শাখা ব্যবস্থাপক সাময়িক চাকুরিচ্যুত অবস্থায় আছেন,
- যে শাখায় ভূয়া ঋণ প্রদান ও আদায়যোগ্য গোপন করা হয়েছে,
- যে সব শাখায় মোট চলতি ঋণস্থিতির ০.৫% নেট খেলাপী হিসেবে বৃদ্ধি পেয়েছে এবং
- যারা ভারপ্রাপ্ত শাখা ব্যবস্থাপক হিসেবে আছেন

৫. কেন্দ্রীয় অপারেশন ও কার্যক্রম এবং হিসাব বিভাগ থেকে মাসিক প্রতিবেদন প্রস্তুত হওয়ার পর উপরোক্ত ঋণ স্থিতির মধ্যে যারা পড়বেন তারা পরের মাসের বেতনের সাথে এ ভাতা পাবেন।


৬. এসব স্থিতি সংস্থার আভ্যন্তরীণ অডিট বিভাগ দ্বারা চেক করার পর, সংশ্লিষ্ট এলাকা ব্যবস্থাপক এবং আরপিসির সুপারিশক্রমে সহকারী পরিচালক-সিপি এর অনুমোদনক্রমে ভাতা প্রদান করা হবে।


৭. কোন শাখা ব্যবস্থাপক যদি ভূয়া ঋণ স্থিতি দেখিয়ে ভাতা নেন তাহলে যখন ধরা পড়বে তখন তার দ্বিগুণ পরিমাণ টাকা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের বেতন থেকে সমন্বয় করা হবে।


৮. এখানে উল্লেখ্য সংস্থার Hardship Allowance এর নীতিমালা পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।


৯. এ বিশেষ ভাতার নীতিমালাটি এপ্রিল ২০১৪ থেকে কার্যকরী হবে।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর ও তারিখ

  
তারিক সাঈদ হারুন  
এডি-সিপি

  
আহসানুল করিম  
ডিডি-এফএন্ডসিএ

  
সনত কুমার  
পরিচালক

অনুমোদনক্রমে  
  
রেজাউল করিম চৌধুরী  
নির্বাহী পরিচালক